গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
জনপ্রশাসন মন্ত্রণালয়
১ম/১২তলা সরকারি অফিস ভবন (১১তলা)
সেগুনবাগিচা, ঢাকা।
www.bkkb.gov.bd

স্মারক নম্বর : ০৫.৮৯.০০০০.০০৭.১৮.[illegible]

তারিখ : ১৫/০৩/২০২৩

বিষয় : জটিল ও ব্যয়বহুল রোগের চিকিৎসার আবেদনে অসম্পূর্ণতা পরিহার।

উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড হতে সরকারি ও বোর্ডের তালিকাভুক্ত প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণকে চাকরি জীবনে জটিল ও ব্যয়বহুল রোগের জন্য এক বা একাধিকবারে সর্বোচ্চ ২,০০,০০০ (দুই লাখ) টাকা চিকিৎসা অনুদান প্রদান করা হয়। জটিল ও ব্যয়বহুল রোগের চিকিৎসার জন্য বোর্ডের নির্ধারিত ফরমে (ফরম নম্বর-০৮) আবেদন করতে হয়। আবেদন ফরম বোর্ডের ওয়েবসাইটে (www.bkkb.gov.bd) সন্নিবেশিত রয়েছে। আবেদন করার নিয়মাবলি ও প্রয়োজনীয় কাগজপত্র আবেদন ফরমে বিস্তারিতভাবে উল্লেখ করা আছে।

০২। সম্প্রতি বিভিন্ন দপ্তর/সংস্থা থেকে প্রেরিত আবেদনে কতিপয় ত্রুটি পরিলক্ষিত হচ্ছে। ফলে আবেদন নিষ্পত্তিতে বিলম্ব হচ্ছে এবং নির্ধারিত সময়ের মধ্যে আবেদনকারী কাঙ্ক্ষিত সেবা গ্রহণ করতে পারছেন না। এ বিষয়ে সকল বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার কে পৃথক পত্রের মাধ্যমে জানানো হয়েছে। সে পরিপ্রেক্ষিতে যথাসময়ে জটিল ও ব্যয়বহুল রোগের চিকিৎসা অনুদান প্রাপ্তির নিমিত্ত আবেদনসমূহ স্বয়ংসম্পূর্ণ ও নির্ভুলভাবে প্রেরণের জন্য নিম্নবর্ণিত ত্রুটির বিষয়ে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা প্রয়োজন :

ক) ন্যূনতম সংশ্লিষ্ট জেলা পর্যায়ের অফিসার কর্তৃক সুপারিশসহ অগ্রায়ণ না হওয়া;
খ) ফরমে "দপ্তর প্রধানের প্রত্যয়ন" অংশ পূরণ না করা;
গ) ফরমে চিকিৎসা প্রদানকারী হাসপাতাল কর্তৃপক্ষ/বিশেষজ্ঞ চিকিৎসকের অংশ পূরণ না করা;
ঘ) ফরমে চিকিৎসা প্রদানকারী হাসপাতাল কর্তৃপক্ষ/বিশেষজ্ঞ চিকিৎসকের অংশের মূল কপির পরিবর্তে স্ক্যান কপি প্রেরণ করা;
ঙ) হাসপাতালের মূল ছাড়পত্র ও মূল বিল না থাকা;
চ) সমস্ত কাগজপত্রে প্রতিস্বাক্ষর না থাকা;
ছ) প্রতিস্বাক্ষরে নামের সিল না থাকা;
জ) আবেদনকারীর ছবি না থাকা;
ঝ) অনলাইন ব্যাংক অ্যাকাউন্ট নম্বর না থাকা;
ঞ) অবসর গমনের পরবর্তী সময়ের জটিল চিকিৎসা ব্যয়ের জন্য আবেদন করা;
ট) পরিবারের অন্যান্য সদস্যের চিকিৎসা বিল প্রেরণ করা।

০৩। বর্ণিত অবস্থায়, জটিল ও ব্যয়বহুল রোগের আবেদন করার সময় উপরোক্ত বিষয়সমূহের প্রতি লক্ষ্য রেখে আবেদন প্রেরণের নিমিত্ত তাঁর মন্ত্রণালয় ও অধীনস্থ দপ্তর, সংস্থার সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীকে অবহিত করার জন্য নির্দেশক্রমে বিশেষভাবে অনুরোধ করা হলো।

(ড. মো: জিয়াউদ্দীন)
অতিরিক্ত মহাপরিচালক
ফোন: +৮৮-০২-৮৩৯২৫৬৭
ইমেইল: adg@bkkb.gov.bd

সচিব
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :
০১। অতিরিক্ত সচিব (প্রশাসন), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব এর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। মহাপরিচালক (সচিব) এর একান্ত সচিব, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, ঢাকা।

বিভাগীয় উপপরিচালক
প্রাথমিক শিক্ষা
সিলেট বিভাগ, সিলেট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
প্রশাসন- ২ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mopme.gov.bd

নম্বর-৩৮.০০২.০০২.০০.০০.০০১.২০১১-৫০৬ তারিখ: ০৩ বৈশাখ ১৪৩০ / ১৬ এপ্রিল ২০২৩

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. মহাপরিচালক (গ্রেড-১), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন-২, মিরপুর, ঢাকা- ১২১৬।
২. মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, তেজগাঁও শিল্প এলাওকা, ঢাকা।
৩. মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, শিক্ষাভবন, ঢাকা।
৪. মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ), ময়মনসিংহ।
৫. পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট, সেকশন- ২, মিরপুর, ঢাকা- ১২১৬।

১৬/০৪/২০২৩
(ড. বিলকিস বেগম)
উপসচিব
ফোন: ৫৫১০০৯২৮
ই-মেইল: dsad2@mopme.gov.bd

**অনুলিপি:**
১. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা।
৩. অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা।
৪. যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা।
৫. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬
www.dpe.gov.bd

স্মারক নম্বর-৩৮.০১.০০০০.১০৭.১৮.০০৩.২২.৭৭০ তারিখ: ২০ বৈশাখ ১৪৩০ / ০৩ মে ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো :
১. পরিচালক/প্রকল্প পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২. বিভাগীয় উপপরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা, ............. বিভাগ (অধিনস্থ সকল দপ্তর/প্রতিষ্ঠানকে অবহিত করার অনুরোধসহ)।
৩. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার/সুপারিনটেনডেন্ট (সকল) ............ (অধিনস্থ সকল দপ্তর/প্রতিষ্ঠানকে অবহিত করার অনুরোধসহ)।
৪. উপজেলা/থানা শিক্ষা অফিসার/উপজেলা/থানা রিসোর্স সেন্টার (সকল) ... .................... (অধিনস্থ সকল দপ্তর/প্রতিষ্ঠানকে-কে অবহিত করার অনুরোধসহ)।

০৩/০৫/২৩
মোহাম্মদ নজরুল ইসলাম

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় উপপরিচালকের কার্যালয়
প্রাথমিক শিক্ষা, সিলেট বিভাগ, সিলেট
ই-মেইল -ddsylhe@gmail.com

স্মারক নম্বর- ৩৮.০১.৬০০০.০০০.২৩.০০৪.১৮- ৪৩৭ তারিখ: ০৯/০৫/২০২৩ খ্রি.

প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :
প্রাপক: ১। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার ।
২। সুপারিনটেনডেন্ট, পিটিআই
সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার।

মূল পত্রের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।

মোহাম্মদ আমিরুল ইসলাম

---

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রাথমিক শিক্ষা অফিস
সিলেট
ই-মেইল : dpeosylhe@gmail.com

স্মারক নং : ৩৮.০১.৯১০০.০০০.১৮.১১৭.১৯. ১০৬২(৭০) তারিখ : ১১.০৫.২০২৩ খ্রি।
অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :
১। উপজেলা শিক্ষা অফিসার (সকল), সিলেট-মূল পত্রের মর্মানুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
২। সংরক্ষণ নথি।

সাখাওয়াত এরশেদ
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
সিলেট